



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
৩৭/৩/এ, ইক্সটন গার্ডেন রোড,
রমনা, ঢাকা-১০০০।

চূড়ান্ত আদেশের সার-সংক্ষেপ

স্ব-প্রগোদ্ধিত মামলা নং- ৪৬/২০২২

মামলার বিষয় : পারস্পরিক যোগসাজশের মাধ্যমে অস্বাভাবিকভাবে ব্যবহার মুরগির মূল্য বৃক্ষি।

প্রতিপক্ষ : পরিচালক
সাগুনা ফুড এন্ড ফিডস বাংলাদেশ প্রাইভেট লিমিটেড
হাউজ #৭৬ (৪র্থ ফ্লোর), গাউসুল আজম এভিনিউ, সেক্টর # ১৩, উত্তরা, ঢাকা-১২৩০।

চূড়ান্ত আদেশ প্রদানের তারিখ: ০৯/১০/২০২৩

কমিশন : ১। জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী, চেয়ারপার্সন, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন;
২। জনাব সালমা আখতার জাহান, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন;
৩। জনাব সওদাগর মুস্তাফিজুর রহমান, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন;
৪। জনাব মোঃ হাফিজুর রহমান, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন।

উপস্থিতৎ প্রতিপক্ষের বিজ্ঞ আইনজীবী

- ১। জনাব বিশ্বজিৎ দেব
- ২। গাজী মোঃ মাহবুব আলম
- ৩। জনাব এস এম শিহাব উদ্দীন

অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ

কমিশন স্ব-প্রগোদ্ধিত হয়ে প্রতিযোগিতা আইন, ২০১২ (২০১২ সনের ২৩ নং আইন) এর ধারা ১৫ এর উপ-ধারা (২) এর দফা (ক) এর উপ-দফা (অ) এবং দফা (খ) এর আওতায় এ মামলাটি আনয়ন করে। এ মামলায় আনীত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণী এই যে, ০৫-০৮-২০২২ হতে ২০-০৮-২০২২ সময়কালে (অত্র মামলার অপরাধের সময়কাল মর্মে উল্লিখিত) জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রতিবেদন এবং ২০ আগস্ট ২০২২ তারিখে অনলাইন ভিত্তিক পত্রিকা ‘বার্তা বাজার’ এ “১৫ দিনে ডিম ও মুরগির বাজার থেকে ৫১৮ কোটি টাকা লুট” শিরোনামে প্রকাশিত প্রতিবেদন এবং এছাড়াও বিভিন্ন পত্র-পত্রিকা ও প্রিন্ট মিডিয়ায় প্রকাশিত খবরা-

(Signature)



খবর সম্পর্কে জ্ঞাত হয়ে কমিশনের ৯ম সভায় উক্ত বিষয়ে অনুসন্ধান পরিচালনার সিদ্ধান্ত হয়। অনুসন্ধান প্রতিবেদনে সাগুনা ফুডস এন্ড ফিডস বাংলাদেশ প্রাইভেট লিমিটেডসহ মোট ০৬ (ছয়) টি প্রতিষ্ঠানের বিবৃক্ষে বাজারে ব্রয়লার মুরগির বিক্রয়মূল্য অস্বাভাবিকভাবে নির্ধারণ এবং বাজারে মুরগির সরবরাহ সীমিত বা নিয়ন্ত্রণ করে প্রতিযোগিতা আইন, ২০১২ এর ধারা ১৫ এর উপ-ধারা (২) এর দফা (ক) এর উপ-দফা (অ) এর দফা (খ) এর অপরাধ প্রাথমিকভাবে প্রতীয়মান হয়। অনুসন্ধান প্রতিবেদনের বিষয়ে কমিশনের ১০ম সভায় সাগুনা ফুডস এন্ড ফিডস বাংলাদেশ প্রাইভেট লিমিটেডসহ মোট ০৬ (ছয়) টি প্রতিষ্ঠানের বিবৃক্ষে প্রতিযোগিতা আইন, ২০১২ এর অধীনে মামলা রুজু করার সিদ্ধান্ত গৃহিত হয়। প্রতিপক্ষ প্রতিষ্ঠান কমিশনের শুনানিতে অংশগ্রহণ করে এবং শুনানি অন্তে অভিযোগের বিষয়ে তদন্তের জন্য ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত দল গঠন করা হয়।

তদন্ত দল নির্ধারিত সময়ে তদন্ত প্রতিবেদন দাখিল করার পর তদন্ত প্রতিবেদনের উপর প্রতিপক্ষের বিজ্ঞ কৌশলীর বক্তব্য শোনা হয় এবং প্রতিপক্ষের বিজ্ঞ কৌশলী তার যুক্তিতর্কের সমর্থনে লিখিত বক্তব্যও উপস্থাপন করেন। তদন্ত প্রতিবেদন ও বিজ্ঞ কৌশলীর লিখিত ও মৌখিক যুক্তিতর্কের ভিত্তিতে কমিশন নিম্নবর্ণিত আদেশ প্রদান করে।

আদেশ

উপরে বর্ণিত অবস্থার প্রেক্ষিতে অভিযুক্ত প্রতিষ্ঠান সাগুনা ফুডস এন্ড ফিডস বাংলাদেশ প্রাইভেট লিমিটেড সমধর্মীয় অন্য কোনো প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ষ হয়ে পরোক্ষভাবে ০৫/০৮/২০২২ হতে ২০/০৮/২০২২ সময়কালে তাদের উৎপাদিত ব্রয়লার মুরগির বিক্রয়মূল্য অস্বাভাবিকভাবে বৃদ্ধি করেছে এবং একই প্রক্রিয়ায় তাদের উৎপাদিত ব্রয়লার মুরগির সরবরাহ এবং বাজার ব্যবস্থাকে নিয়ন্ত্রণ করেছে যা প্রতিযোগিতা আইন, ২০১২ (২০১২ সনের ২৩ নং আইন) এর ধারা ১৫ এর উপ-ধারা (২) এর দফা (ক) এর উপ-দফা (অ) এবং দফা (খ) এর লঙ্ঘন প্রমাণিত হওয়ায় একটি শাস্তিযোগ্য অপরাধ। অভিযুক্ত প্রতিষ্ঠান এর বিবৃক্ষে প্রতিযোগিতা কমিশনে এটিই প্রথম মামলা। তাই সকল বিষয় বিচেনায় নিয়ে সাগুনা ফুডস এন্ড ফিডস বাংলাদেশ প্রাইভেট লিমিটেডকে প্রতিযোগিতা আইন, ২০১২ এর ধারা ২০ এর উপ-ধারা (ক) এর দফা (অ) মোতাবেক নিম্নবর্ণিত নির্দেশনাসহ অপরাধ সংঘটনের পূর্ববর্তী ০৩ (তিনি) অর্থবছরের গড় টার্নওভারের ২.৫০% অর্থাৎ ০৩ (তিনি) কোটি ৪৪ (চুয়ালিশ) লক্ষ টাকা প্রশাসনিক অর্থদণ্ডে দণ্ডিত করা হলো।

নির্দেশনাসমূহঃ

- “১। রায় ঘোষণার পরবর্তী ১০ কার্যদিবসের মধ্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সংশ্লিষ্ট খাতে জমা প্রদান করতে হবে। অন্যথায় প্রতিযোগিতা আইন, ২০১২ এর ধারা মোতাবেক দৈনিক ০১ (এক) লক্ষ টাকা হিসাবে জরিমানা যোগ হবে।
- ২। সাগুনা ফুডস এন্ড ফিডস বাংলাদেশ প্রাইভেট লিমিটেডকে এর মুরগির বিক্রয়মূল্য নির্ধারণ প্রক্রিয়া স্বচ্ছ এবং প্রতিযোগিতামূলক করতে হবে।
- ৩। গৃহিত মূল্য নির্ধারণ বা বিক্রয় প্রক্রিয়া এ রায় ঘোষণার ০১ (এক) মাসের মধ্যে কমিশনকে লিখিতভাবে অবহিত করতে হবে।”

স্বাক্ষরিত/- ০৯/০৮/২০২৩ মোঃ হাফিজুর রহমান সদস্য	স্বাক্ষরিত/- ০৯/০৮/২০২৩ সওদাগর মুস্তাফিজুর রহমান সদস্য	স্বাক্ষরিত/- ০৯/০৮/২০২৩ সালমা আখতার জাহান সদস্য	স্বাক্ষরিত/- ০৯/০৮/২০২৩ প্রদীপ রঞ্জন চক্রবর্তী চেয়ারপার্সন
--	---	--	--

Rahmatulai

র.হ.ম. আলাউদ্দিন কবির
সচিব (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন